

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বগুড়া অঞ্চল, বগুড়া
dae-bogreg.rajshahidiv.gov.bd

স্মারক নং- ১২.০১.০০০০.০৪০.১৪.০০৫.২৩.

তারিখ : ১৮/০১/২০২৩খ্রি:

বিষয় : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান শূন্যপদে নিয়োগের নিমিত্ত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ ও সার্টিফিকেট/প্রত্যয়নপত্র যাচাই কার্যক্রমে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের দপ্তর স্মারক নং- ১২.০১.০০০০.৩৮.১১.০০৫. ২০১৮ (খন্ড-৩)/১৭৭ তারিখঃ ১৭-০১-২০২৩খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান শূন্যপদে নিয়োগের নিমিত্ত প্রাথমিক বাছাইয়ে আপনি নির্বাচিত হয়েছেন। নিয়োগপত্র জারীর পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সকল প্রকার সনদপত্র উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তক যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে আগামী ১৯-০১-২০২৩খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, বনানী, বগুড়া দপ্তরের সম্মেলন কক্ষে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ ও সার্টিফিকেট/প্রত্যয়নপত্র যাচাই বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে আপনাকে যথাসময়ে নিম্নবর্ণিত ২ (দুই) সেট কাগজপত্রসহ সকল প্রকার সার্টিফিকেটের মূলকপিসহ উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য উক্ত কার্যক্রমে অংশগ্রহণ বাবদ কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবে :

১. সম্প্রতি তোলা ছবি- ০২ (দুই) কপি।
২. অনলাইনে আবেদনপত্রের হার্ডকপি।
৩. নাগরিকত্ব সনদপত্র।
৪. শিক্ষাগতযোগ্যতার সনদপত্র।
৫. কোটার স্বপক্ষে সকল কাগজপত্র।
৬. জাতীয় পরিচয়পত্র।
৭. লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র।
৮. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে চারিত্রিক সনদ।

স্বা/-
(মুহাম্মদ নজরুল ইসলাম)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২৫৮৯৯০৫৫০৭
adbogra@dae.gov.bd

প্রাপক

নাম :

পিতার নাম :

মাতার নাম :

গ্রাম : ডাকঘর :

উপজেলা : জেলা :

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. উপপরিচালক, হার্টিকালচার সেন্টার, বনানী, বগুড়া। পত্রে বর্ণিত তারিখে আপনার দপ্তরের সম্মেলন কক্ষটি ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।